

Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Charles Michel, President of the European Council

March 01, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ও ইউরোপীয় কাউন্সিলের সভাপতি মিঃ চার্লস মিশেলের মধ্যে টেলিফোনে কথা

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ইউরোপীয় কাউন্সিলের সভাপতি মিঃ চার্লস মিশেলের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

ইউক্রেনে পরিস্থিতির অবনতি হওয়ার ফলে উদ্ভূত মানবসভ্যতার সঙ্কটে প্রধানমন্ত্রী ক্ষোভ প্রকাশ করেছেন। সংঘর্ষ বন্ধ করে কূটনৈতিক পথে আলাপ-আলোচনার মধ্য দিয়ে সমস্যার সমাধানের জন্য ভারতের আবেদনের কথা প্রধানমন্ত্রী আবারও উল্লেখ করেন।

শ্রী মোদী বলেন, ভারত বিশ্বাস করে, আন্তর্জাতিক আইন, রাষ্ট্রসংঘের সনদ এবং প্রতিটি রাষ্ট্রের ভৌগোলিক অখন্ডতা ও সার্বভৌমত্বকে শ্রদ্ধা জানাতে হবে। এর মধ্য দিয়েই সমসাময়িক বিশ্ব পরিস্থিতি স্বাভাবিক থাকবে।

প্রধানমন্ত্রী দু'পক্ষের আলোচনাকে স্বাগত জানিয়েছেন। তিনি মানবিক সাহায্য এবং প্রত্যেকের অবাধ ও মুক্তভাবে যাতায়াতের সুযোগ করে দেওয়ার উপর গুরুত্ব দিয়েছেন।

শ্রী মোদী এ প্রসঙ্গে সংশ্লিষ্ট অঞ্চলের ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য ভারত থেকে ওষুধ সহ প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী পাঠানোর কথা জানান।

নতুন দিল্লী

মার্চ 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.